দৈনিক
ইত্তেফাক

14 APR 2016
১৬ ৮

# বাংলাদেশ শিক্ষক সমিতি ব্রাহ্মণবাড়িয়া শাখার সম্মেলন

■ ব্রাহ্মণবাড়িয়া প্রতিনিধি

বাংলাদেশ শিক্ষক সমিতি ব্রাহ্মণবাড়িয়া জেলা শাখার ত্রি-বার্ষিক সম্মেলন মঙ্গলবার স্থানীয় নিয়াজ মুহম্মদ উচ্চ বিদ্যালয়ের হলরুমে অনুষ্ঠিত হয়েছে। জেলা শিক্ষক সমিতির আহবায়ক আবুল কাসেমের সভাপতিত্বে অনুষ্ঠিত সম্মেলনে প্রধান অতিথি ছিলেন বাংলাদেশ শিক্ষক সমিতির সভাপতি অধ্যক্ষ এমএ আওয়াল সিদ্দিকী।

প্রধান বক্তা ছিলেন বাংলাদেশ শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক বিলকিস জামান। বিশেষ অতিথির বক্তব্য রাখেন বাংলাদেশ শিক্ষক সমিতির যুগ্ম সাধারণ সম্পাদক শাহে আলম, সাংস্কৃতিক সম্পাদক পারভীন জামান, দপ্তর সম্পাদক শফিকুল আলম, বিজ্ঞান ও প্রযুক্তিবিষয়ক সম্পাদক বিপ্লব কুমার সেন প্রমুখ। স্বাগত বক্তব্য রাখেন নিয়াজ মুহম্মদ উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও জেলা শিক্ষক সমিতির সদস্য সচিব মো. সাহিদুল ইসলাম।

অনুষ্ঠান পরিচালনা করেন লায়ন ফিরোজুর রহমান রেসিডেন্সিয়াল স্কুল এন্ড কলেজের অধ্যক্ষ নিয়াজ মো.কাজল। সম্মেলনে জেলার সকল উপজেলা থেকে আসা শিক্ষক প্রতিনিধিদের সরাসরি ভোটে নির্বাচন অনুষ্ঠিত হয়। নির্বাচনে ব্রাহ্মণবাড়িয়া পৌরসভার ভাদুঘর মাহবুবুল হুদা পৌর আদর্শ উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো. ফরিদ আহাম্মদ খান সভাপতি নির্বাচিত হয়েছেন। সাধারণ সম্পাদক পদে নিয়াজ মুহম্মদ উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো. সাহিদুল ইসলাম বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হয়েছেন।